"একটাই লক্ষ্য
হতে হবে দক্ষ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
রিসার্চ অ্যান্ড নলেজ ম্যানেজমেন্ট সেল
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং: ৫৭.০৩.০০০০.০৪১.৯৯.০০৩.২৩-৩৪

তারিখ: ২৯শে চৈত্র ১৪২৯
১২ এপ্রিল ২০২৩

**বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের জন্য গবেষণা প্রস্তাবনা আহ্বান।**

কারিগরি শিক্ষা অধিদপ্তরের গবেষণা নীতিমালার আলোকে অধীনস্থ প্রতিষ্ঠানসমূহের শিক্ষক/কর্মকর্তাদের নিকট থেকে ২০২৩-২৪ অর্থবছরের গবেষণা সম্পাদনের জন্য গবেষণা প্রস্তাবনা (Research Proposal) আহ্বান করা যাচ্ছে।

নিম্নেবর্ণিত ক্ষেত্রসমূহের উপর গবেষণা প্রস্তাবনা প্রণয়ন করে হার্ডকপি (Hard Copy) এবং সফট কপি (Soft Copy) আগামী ২৫, মে ২০২৩ তারিখের মধ্যে রিসার্চ অ্যান্ড নলেজ ম্যানেজমেন্ট সেল, কক্ষ নং- ৮০৯/৮১০, কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

**গবেষণা প্রস্তাবনার ক্ষেত্রসমূহ নিম্নরূপ:**

১. TVET Education and Smart Bangladesh.
২. SDG in TVET Educational Sector.
৩. Quality Technical Education.
৪. Skills and TVET.
৫. Approaches of TVET Education.
৬. Modernization TVET Curriculum.
৭. Market Responsive Skills Demand and Supply Gap.
৮. BNQF and its Implementation: Issues and Challenge.
৯. Branding and Awareness about TVET.
১০. Experimental, Innovation and Best Practices in TVET Education.
১১. Entrepreneurship in TVET Education.
১২. Collaboration between TVET Institute and Manufacturing Sectors.
১৩. Institute Industry Linkage.
১৪. Impact Evaluation in Educational Program.
১৫. Competency Based Training and Assessment (CBTA).
১৬. Teachers' Professional Development and Training.
১৭. Ethics and Soft Skills of TVET Graduates and Professional.
১৮. Female Enrollment, Graduation, Skills and Employment Scenario.
১৯. Preparedness for LDC Graduates.
২০. Readiness of TVET for 4IR.

১. গবেষণা প্রস্তাবনা প্রণয়নের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করতে হবে:

(ক) Plagiarism Similarity Index (২৫% এর নিচে) অনুসরণপূর্বক গবেষণা প্রস্তাবনার সফটকপি ওয়ার্ড ফরম্যাটে ইংরেজি: Times New Roman, বাংলা NikoshBAN এ প্রণয়ন করে ইমেইল: dte.research.wing@gmail.com প্রেরণ করতে হবে;

(খ) গবেষণা প্রস্তাবনা বাংলা অথবা ইংরেজি ভাষায় প্রণয়ন করা যাবে;

(গ) প্রতিটি গবেষণা প্রস্তাবনার দুটি অংশ থাকবে। প্রথম অংশে শুধু নির্দিষ্ট রূপরেখার অধীনে স্বীয় প্রতিষ্ঠান/কর্ম এলাকায় সম্পন্ন করা সম্ভব এমন গবেষণা প্রস্তাবনা থাকবে এবং সেখানে প্রতিষ্ঠান, পরামর্শক, দলের নাম, পদবি ও ঠিকানা থাকবে;

(ঘ) দ্বিতীয় অংশে পরামর্শক, দলনেতা ও সদস্যগণের মোবাইল নম্বর, এনআইডি-র অনুলিপি এবং ই-মেইলসহ জীবন বৃত্তান্ত থাকবে;

(ঙ) গবেষকগণ যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্রসহ গবেষণা প্রস্তাবনা দাখিল করবেন;

(চ) রেফারেন্স লেখার ক্ষেত্রে APA Style (the American Psychological Association) অনুসরণ করতে হবে;

(ছ) প্রতিটি গবেষণাকর্মের ফলাফলের সারসংক্ষেপ রিসার্চ অ্যান্ড নলেজ ম্যানেজমেন্ট সেল-এ জমা দিতে হবে;

(জ) গবেষণাকর্মের সকল ব্যয় সরকারি নীতিমালা ও বাজেট অনুযায়ী পরিশোধ করা হবে;

(ঝ) গবেষণা প্রস্তাবনায় গবেষকদলের সকলের কার্যপরিধি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

২. যে কোনো গবেষণাদলের প্রস্তাবনার কার্যক্রম, পরিবর্তন/পরিমার্জন ও বাতিলের ক্ষমতা কারিগরি শিক্ষা অধিদপ্তর সংরক্ষণ করেন।

৩. গবেষণা প্রস্তাবনার কাঠামো:

গবেষণা প্রস্তাবনা মূল্যায়নের সুবিধার্থে গবেষণা প্রস্তাবনার রূপরেখা/কাঠামো হবে নিম্নরূপ:

৩.১ গবেষণার শিরোনাম (Title of the Research)

৩.২ ভূমিকা (Introduction)

৩.৩ সমস্যার বিবরণ (Statement of the Problem)

৩.৪ গবেষণা বিষয়ের গুরুত্ব ও যৌক্তিকতা (Importance and Rationale of the Study)

৩.৫ গবেষণার উদ্দেশ্য (Objective(s) of the study)

৩.৬ গবেষণার পরিধি ও সীমাবদ্ধতা (Scope and Limitations of the Study)

৩.৭ অনুমিত সিদ্ধান্ত (Formulation of Hypothesis/Research Question)

৩.৮ টিভিইটি (কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ) এর ওপর প্রস্তাবিত গবেষণার দৃশ্যমান প্রভাব (Visible Impact of the study on TVET)

(৩.২–৩.৮: ১৫০০ শব্দ)

৪. প্রস্তাবিত গবেষণার সঙ্গে সংশ্লিষ্ট বা সম্পর্কিত গবেষণাকর্মের পর্যালোচনা (Review of Literature) ১০০০ শব্দ

৫. গবেষণা পদ্ধতি (Methodology of Study)

৫.১ গবেষণার নকশা (Research Design)

৫.২ গবেষণার ধরণ (Type of Research)

৫.৩ গবেষণার পদ্ধতিসমূহ (Research Methodology)

৫.৪ অভীষ্ট সমগ্রক ও নমুনায়ন (Target Population and Sampling)

৫.৫ উপাত্তের উৎস ও সংগ্রহের পদ্ধতি (Sources of Data and Methods of Data Collection)

৫.৬ উপাত্ত সংগ্রহের উপকরণ (Tools of Data Collection)

৫.৭ উপাত্ত বিশ্লেষণ ও উপস্থাপন পদ্ধতি (Methods of Data Analysis and Presentation)

৫.৮ গবেষণা কর্মটি সম্পাদনের ধারণাগত কাঠামো (Conceptual Frame-work)

৫.৯ গবেষণা কর্ম সম্পাদনের কর্মপরিকল্পনা (Work Plan of the Study)

৫.১০ গবেষণার কর্ম এলাকা/অধিক্ষেত্র (Research Area/Region)

৫.১১ গবেষণার প্রত্যাশিত ফলাফল (Expected Output)

(৫.১–৫.১১: ৫০০ শব্দ)

৬. গবেষণা বাজেট (Research Budget): গবেষণাকর্ম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গবেষণাকর্মের বাজেট: সর্বোচ্চ ৪,০০,০০০ (চার লাখ) টাকা।

৭. গবেষণাদল গঠন ও ব্যয় বিভাজন:

| গবেষণাদলের গঠন | সম্মানী মোট বরাদ্দ ও ব্যয় বিভাজন (%) |
|---|---|
| পরামর্শক (১ জন) | ৬% |
| দলনেতা (১ জন) | ১৮% |
| সদস্য (২ জন) | (১৩%+১৩%)=২৬% |
| উপাত্ত সংগ্রহ, যাতায়াত, স্টেশনারি ক্রয় ও অন্যান্য খাত | ৫০% |
| মোট | ১০০% |

৮. গবেষণা দলের গঠন ও কার্যপরিধি:

গবেষক দলের সদস্য সংখ্যা হবে সর্বোচ্চ ০৩ (তিন) জন। সম্মানিত সদস্যদের মধ্যে গবেষণা বিষয়ে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন এমন একজন দলনেতা নির্বাচিত হবেন। গবেষণা প্রস্তাবনায় গবেষকদলের পরামর্শক, দলনেতা, সদস্য-১ ও সদস্য-২ এর কার্যপরিধি অবশ্যই উল্লেখ করতে হবে।

৯. গবেষক/দলনেতা ও সদস্যগণের যোগ্যতা

(১) গবেষক/ দলনেতা কমপক্ষে স্নাতক ডিগ্রীধারী হবেন। প্রতিষ্ঠিত জার্নালে তাঁর কমপক্ষে ০১ (এক) টি প্রকাশনা থাকতে হবে;

(২) কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের গুণগত মানোন্নয়নের লক্ষ্যে আগ্রহী রাজস্বখাতে কর্মরত শিক্ষক/কর্মকর্তাগণ গবেষণা দলের সদস্য হতে পারবে;

(৩) একজন গবেষক এক অর্থবছরে সর্বোচ্চ একটি গবেষণা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট থাকতে পারবে;

(৪) অনুমোদিত গবেষণা দলে কোনো পরিবর্তন প্রয়োজন হলে তা সেলের মাধ্যমে কার্যকরী কমিটির অনুমোদনক্রমে করতে হবে;

(৫) গবেষণা কর্মের জন্য ভ্রমণকালকে দাপ্তরিক কর্মকাল বলে গণ্য করা হবে। উক্ত ভ্রমণের জন্য গবেষণা কার্যক্রমের বাজেটখাত হতে ভ্রমণ ব্যয় নির্বাহ করা যাবে।

অতএব, গবেষণায় আগ্রহী শিক্ষক/কর্মকর্তাগণের নিকট থেকে উল্লিখিত ক্ষেত্রসমূহে বর্ণিত কাঠামোর আওতায় তার প্রতিষ্ঠান/অধিক্ষেত্র এলাকায় সম্পন্ন করা যায় এমন গবেষণা প্রস্তাব নির্ধারিত তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের অনুরোধ করা হলো।

১২-০৪-২০২৩

প্রকৌশলী মোঃ আক্তারউজ্জামান
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নং: ৫৭.০৩.০০০০.০৪১.৯৯.০০৩.২৩-

তারিখ: ২৯শে চৈত্র ১৪২৯
১২ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

(১) পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭

(২) অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা- ১২০৮

(৩) অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সকল)

(৪) অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং কলেজ, বগুড়া

(৫) অধ্যক্ষ, পলিটেকনিক ও মনোটেকনিক ইন্সটিটিউট (সকল)

(৬) অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)

(৭) সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭

(৮) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)

(৯) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

(১০) দপ্তর নথি।

(মোঃ মঞ্জুরুল ইসলাম)
সহকারী পরিচালক-০৭
(প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন এবং গবেষণা)
কারিগরি শিক্ষা অধিদপ্তর